



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৭৩.০০৯.১৯.৭৫৫

তারিখ: ৩ কার্তিক ১৪২৭

১৯ অক্টোবর ২০২০

বিষয়: নির্বাচিত কৃষকদের নিকট হতে খান ক্রয় বাবদ অর্থ ডব্লিউকিউএসসির বিপরীতে প্রত্যেক কৃষকের নিজস্ব ব্যাংক একাউন্টের মাধ্যমে পরিশোধকরণ।

সূত্র: ১। সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তরের স্মারক নং-১৩.০১.০০০০.০৯১.৪৫.০৭৪.১৯-৭২৬ তারিখ-০৮/০৪/২০১৯ খ্রি:।

১। সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তরের স্মারক নং-১৩.০১.০০০০.০৯১.৪৫.০৩০.০৮.৭৫ তারিখ-৩০/১০/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১নং স্মারকে প্রতি সংগ্রহ মৌসুমে সারাদেশের খাদ্য গুদামে কৃষক কর্তৃক সরবরাহকৃত ধানের মূল্য ডব্লিউকিউএসসির বিপরীতে কৃষকদের নিজস্ব ব্যাংক একাউন্টের মাধ্যমে পরিশোধ করার আদেশ প্রদান করা হয়েছিল। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন খাদ্য গুদামে একাধিক কৃষক কর্তৃক সরবরাহকৃত ধানের মূল্য বাবদ অর্থ ডব্লিউকিউএসসির মাধ্যমে একজন কৃষকের নিজস্ব ব্যাংক একাউন্ট হিসাবের মাধ্যমে মূল্য পরিশোধ করা হচ্ছে যা প্রদত্ত আদেশের পরিপন্থী।

০২। এমতাবস্থায়, সূত্রস্থ ১ ও ২নং স্মারকের আদেশ মোতাবেক খাদ্য গুদামে কৃষক কর্তৃক সরবরাহকৃত ধানের মূল্য স্ব-স্ব কৃষকদের ডব্লিউকিউএসসিতে ব্যাংক হিসাব নম্বর উল্লেখ করা বাধ্যতামূলক এবং পেয়িং অফিসার সাপ্তাহিক ট্রানজেকশন সীট/ব্যাংক স্ক্রলের মাধ্যমে কৃষকের নিজ নিজ ব্যাংক একাউন্টে খান ক্রয়ের মূল্য পরিশোধ করা হয়েছে কিনা তা যাচাইপূর্বক সংরক্ষণ করার নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় এ ধরনের ক্ষেত্রে ব্যাংকের টাকা পুনর্ভরণ করলে তা সংশ্লিষ্টদের ব্যক্তিগত দায় হিসেবে আদায়যোগ্য বলে বিবেচিত হবে।

২২-১০-২০২০

সারোয়ার মাহমুদ
মহাপরিচালক

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৭৩.০০৯.১৯.৭৫৫/১

তারিখ: ৩ কার্তিক ১৪২৭

১৯ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)। উপরোক্ত নির্দেশ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)। উপরোক্ত নির্দেশ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৭) মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- ৮) মহাব্যবস্থাপক, জনতা ব্যাংক, প্রধান কার্যালয়, জনতা ভবন, ১১০, মতিঝিল, ঢাকা।

৯) মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

১০) মহাব্যবস্থাপক, কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

১১) মহাব্যবস্থাপক, উত্তরা ব্যাংক, লোকাল অফিস, পুরাতন ১২৯-১৩০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।



২২-১০-২০২০

মোঃ মাহমুদ হাসান

পরিচালক